কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 22 JUNE 2026 ,MONDAY | ২২ জুন ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-200


## INS দুনাগিরি ,INS অগ্রয় এবং INS সংশোধক - তিনটি যুদ্ধ জাহাজের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী



**এই যুগ ,কলকাতা ,২১ জুন :** বিশ্ব যোগ দিবসের দিনে কলকাতার গার্ডেনরিচে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বন্দরে INS দুনাগিরি ,INS অগ্রয় এবং INS সংশোধক নামের তিনটি যুদ্ধজাহাজের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । সম্পূর্ণ ভারতীয় প্রযুক্তিতে তৈরি এই তিনটি যুদ্ধ জাহাজকে আজ নৌসেনার হাতে তুলে দেওয়া হয়। আজই আন্দামানের উদ্দেশ্যে রওনা দেবে INS দুনাগিরি, INS অগ্রয় নামের দুটি যুদ্ধ জাহাজ । গার্ডেনরিচ শিপ ইয়ার্ডেই এই তিনটি যুদ্ধ জাহাজ তৈরি হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছাড়াও এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, রাজ্যপাল আর এন রবি,ও নৌবাহিনী প্রধান কৃষ্ণা স্বামীনাথন। জানা গিয়েছে, INS দুনাগিরি নামের যুদ্ধ জাহাজে অত্যাধুনিক হাতিয়ার, মিসাইল, ব্রহ্মস রয়েছে। INS অগ্রয় সমুদ্র তীরবর্তী অংশের পাশাপাশি গভীর জলে সার্ভে করার জন্য অত্যাধুনিক সার্ভে সিস্টেম রয়েছে ।INS সংশোধক এ হালকা ওজনের টর্পেডো, রকেট লঞ্চার রয়েছে।পাশাপাশি এটি জলের তলায় তীক্ষ্ণ নজরদারি করতে সক্ষম।এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন , 'আন্তর্জাতিক যোগ দিবসে পশ্চিমবঙ্গে আসতে পেরে আমি গর্বিত। ভারতের পুনর্জাগরণে গতি দিয়েছে এই পশ্চিমবঙ্গ। নৌসেনায় সামিল INS দুনাগিরি, INS সংশোধক, INS অগ্রয়। নৌসেনা সক্ষম না হলে কোনও রাষ্ট্র শক্তিশালী হতে পারে না। ভারত এখন আত্মনির্ভর, সুরক্ষিত। বাংলা থেকে আত্মনির্ভর, সুরক্ষিত ভারতের কার্যক্রম হচ্ছে।

## বিশ্ব যোগ দিবস উদযাপন করা হল কোচবিহারে



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২১ জুন :** রাতভর প্রবল বৃষ্টি এবং শহরের বেশীরভাগ রাস্তাই জলমগ্ন থাকে প্রায় সারাদিনই ।এইরূপ প্রতিকূল আবহাওয়া কে উপেক্ষা করে আজ ভোরবেলা কোচবিহার জেলা প্রশাসনের উদ্যোগে যথেযোগ্য মর্যাদায় পালিত হল বিশ্ব যোগ দিবস । উপস্থিত ছিলেন জেলাশাসক জিতীন যাদব। "বর্তমান সময়ের ব্যস্ততম জীবনযাত্রায় মানসিক শান্তি বজায় রাখতে যোগের গুরুত্ব অপরিসীম " বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

## কলকাতার রেড রোডে আন্তর্জাতিক যোগ দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী



**এই যুগ ,কলকাতা ,২১ জুন :** রবিবার ২১ শে জুন কলকাতার রেড রোডে বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে পালিত হল দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস। যোগ দিবসের অনুষ্ঠানে যোগদান করেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ।প্রধানমন্ত্রী ছাড়াও যোগ দিবসে অংশগ্রহণ করেন রাজ্যের রাজ্যপাল আর.এন রবি ও মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ বিধায়ক থেকে শুরু করে সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট মানুষেরা । এদিনের যোগ শিবিরের নেতৃত্ব দেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। হাজার হাজার সাধারণ মানুষ খোলা আকাশের নিচে প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে যোগাসনে অংশ নেন । সঠিকভাবে যাতে প্রতিটি আসন সকলে করতে পারে ,তা নিজে দাঁড়িয়ে থেকে সকলকে যোগাসন শিখিয়ে দিচ্ছিলেন প্রধানমন্ত্রী। শেখানোর পাশাপাশি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবার মাঝে গিয়ে ঘুরে ঘুরে দেখেনও । ভুল করলে নিজে হাতে শিখিয়েও দিলেন। এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন , "যোগ সকলকে জুড়ে দেয়। যোগ দিবস তুলে ধরেছে দেশের ঐক্যের ছবি।যোগ দিবস গোটা দেশকে করে দিয়েছে এক ।বিশ্বের সবথেকে বড় উৎসবের দিন ২১শে জুন ।পুরো দেশ পুরো বিশ্বের সঙ্গে জুড়ে গিয়েছে।"

## বাংলাদেশি সন্দেহে ধৃত ২৯ জনকে আনা হলো কালচিনির মেন্দাবাড়ি হোল্ডিং সেন্টারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের মেন্দাবাড়ি অঞ্চলে অবস্থিত কৃষক বাজারের হোল্ডিং সেন্টারে বাংলাদেশি সন্দেহে ধৃত ২৯ জনকে নিয়ে আসা হয়েছে বলে জানা গিয়েছে। ধৃতদের মধ্যে পুরুষ, মহিলা ও শিশুরাও রয়েছে। তাদের হোল্ডিং সেন্টারে আনার ঘটনাকে কেন্দ্র করে এলাকাজুড়ে ব্যাপক চর্চা শুরু হয়েছে।সূত্রের দাবি, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া এবং বিভিন্ন প্রশাসনিক যাচাইয়ের সময় একাংশ ব্যক্তির নাগরিকত্ব সংক্রান্ত নথিপত্র নিয়ে প্রশ্ন ওঠে। যাদের নাম ভোটার তালিকায় নেই অথবা ভারতীয় নাগরিকত্ব প্রমাণের জন্য প্রয়োজনীয় নথি দেখাতে পারেননি বলে অভিযোগ, তাদের মধ্যে কয়েকজনকে চিহ্নিত করে এই হোল্ডিং সেন্টারে আনা হয়েছে বলে জানা গিয়েছে। বর্তমানে তাদের পরিচয় ও নাগরিকত্ব সংক্রান্ত নথিপত্র যাচাইয়ের কাজ চলছে।ধৃতদের হোল্ডিং সেন্টারে নিয়ে আসার সময় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়। মেন্দাবাড়ি কৃষক বাজারে সম্প্রতি গড়ে ওঠা এই হোল্ডিং সেন্টারকে ঘিরে গত কয়েক সপ্তাহ ধরেই এলাকায় আলোচনা চলছিল।প্রথমবারের মতো একসঙ্গে এত জনকে সেখানে নিয়ে আসার পর বিষয়টি আরওবেশি করে চর্চার কেন্দ্রে উঠে এসেছে।

# কাঁঠাল এবং ধান খেয়ে রান্নাঘর ভেঙ্গে দিয়ে গেল বুনো হাতি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** হাতির তাণ্ডবের ফলে নিঃস্ব হয়ে যাচ্ছেন এলাকার দরিদ্র পরিবারের সদস্যরা। ছোট চৌকির বস এলাকায় শনিবার রাতে হাতে ঢুকে বাড়ির কাঁঠাল খেয়ে অবশেষে রান্নাঘর ভেঙ্গে দিয়ে যায় ঘরের বারান্দায় থাকা প্রায় তিন মণ ধান খেয়ে উঠানে বিছিয়ে দেয় ধানগুলোকে। আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন প্রতিনিয়ত ওই এলাকার বাসিন্দারা। এলাকার নিরীহ মহিলা ছায়া রায় জানিয়েছেন তার দুই সন্তানসহ মা-বাবাকে নিয়ে কোন ভাবে দিনযাপন হয় তাদের গতকাল রাতে হাতির তাণ্ডবের ফলে তার রান্নাঘর ভেঙ্গে দেয়। রবিবার বনদপ্তরের কর্মীরা ওই এলাকায় গিয়ে ক্ষতিপূরনের আশ্বাস দিয়ে এসেছেন তাকে তবে কত ক্ষতিপূরণ পাবেন কবে পাবেন সেটাই এখন বড় বিষয় হয়ে দাঁড়িয়েছে ওই পরিবারের কাছে।

# আলিপুরদুয়ার জেলা জুড়ে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** আন্তর্জাতিক যোগ দিবসে যোগ ও ব্যায়াম করলেন আলিপুরদুয়ারের বিধায়ক পরিতোষ দাস। আলিপুরদুয়ার জেলা শহরের একটি বেসরকারি হোটেলের হলঘরে যোগা দিবস উপলক্ষে যোগ ব্যায়ামের আয়োজন করা হয়েছিল। বিধায়ক ছাড়াও আলিপুরদুয়ার জেলা শহরের অনেক শুভবুদ্ধি সম্পন্ন মানুষ এই আন্তর্জাতিক যোগা দিবসের যোগব্যায়াম অনুষ্ঠানে যোগদান করেছেন। অন্যদিকে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসে যোগাসনে যোগ দিলেন আলিপুরদুয়ার ২ ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক সন্দীপ ঘোষ সহ ব্লকের অন্যান্য কর্মীরা। ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের কমিউনিটি হলে যোগা দিবস উদযাপন করলেন গ্রাম পঞ্চায়েত কর্মীরা।

# প্রায় ১৫ লক্ষ টাকা ক্ষতি মহাকালগুড়ির ছোট চৌকির বস এলাকায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** বক্সার জঙ্গল থেকে হাতি বের হয়ে ব্যাপক ক্ষতি করেছে আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের ছোট চৌকির বস এলাকায়। ক্ষতির পরিমাণ সর্বসাকুল্যে কম করে ১৫ লক্ষ টাকা।। শশা খেত ঝিঙ্গা খেত থেকে শুরু করে ধানের বীজ তোলা এমনকি এক নিরীহ মহিলার বাড়ীতে ডুকে কয়েক মন ধান খেয়ে নেয় ভেঙ্গে দেয় তার রান্নাঘর। বনমন্ত্রী আশ্বাস দিয়েছেন ২৩ কিলোমিটার ফ্যানসিং লাইন তৈরি হবে কিন্তু ফ্যান্সিং লাইন হলেই কি এই সমস্যার সমাধান হবে ? এলাকাবাসীর অভিযোগ তারা সঠিকভাবে ক্ষতিপূরণ পারছেন না। এক বিঘা শশা ক্ষেত চাষ করে এক লক্ষ টাকা বিক্রি করতে পারেন কৃষকরা । আর সেখানে বনদপ্তর ক্ষতিপূরণ দেবে বড় জোর ২০০০ টাকা। শনিবার গভীর রাতে এক পাল হাতি ঢুকে ব্যাপক ক্ষতি করেছে ছোট চৌকির বস এলাকায়। অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়েছে ওই এলাকায় বাসিন্দাদের মধ্যে। মানসিকভাবে ভেঙে পড়েছেন কৃষকরা। রাতভর তাণ্ডব চলে হাতির।

# জলদাপাড়া ও গরুমারা জাতীয় উদ্যানে আন্তর্জাতিক যোগ দিবসে অংশ নেয় কুনকি হাতিরাও



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** বনদপ্তর এর ইতিহাসের নতুন রেকর্ড গড়লো কুনটি হাতিরা। আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে উত্তরবঙ্গের জলদাপাড়া ও গরুমারা জাতীয় উদ্যানে এক অভিনব অনুষ্ঠানের আয়োজন করা হয়, যেখানে বনকর্মী ও আধিকারিকদের সঙ্গে যোগাভ্যাসে অংশ নেয় কুনকি হাতিরাও।বনদপ্তরের উদ্যোগে বিভিন্ন রেঞ্জ ও বিট অফিসে যোগাভ্যাসের আয়োজন করা হয়। জলদাপাড়া জাতীয় উদ্যানে ঘন অরণ্য, নির্মল পরিবেশ ও নদীর তীরবর্তী মনোরম প্রাকৃতিক আবহে বনকর্মীরা যোগব্যায়াম করেন। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল আটটি কুনকি হাতির অংশগ্রহণ। মাহুতদের সঙ্গে তারাও প্রতীকীভাবে যোগ দিবসের বার্তা প্রচারে সামিল হয়।একইভাবে গরুমারা জাতীয় উদ্যানেও আন্তর্জাতিক যোগ দিবস পালিত হয়। সেখানে মতি রানি, যুবরাজ, বর্ষণ, জেনি ও চম্পাসহ সাতটি কুনকি হাতি অনুষ্ঠানে অংশ নেয়। মাহুতরা হাতির পিঠে বসে বিভিন্ন যোগাসন প্রদর্শন করেন, যা উপস্থিত সকলের কাছে এক অনন্য দৃশ্য হয়ে ওঠে।অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল নদীর হাঁটু-সমান জলে দাঁড়িয়ে থাকা কুনকি হাতিদের পিঠে মাহুতদের অবস্থান, আর তাদের পাশেই বনকর্মী ও আধিকারিকদের যোগাভ্যাস। মানব, বন্যপ্রাণী ও প্রকৃতির এই সুন্দর সমন্বয় অংশগ্রহণকারীদের মুগ্ধ করে।এই উপলক্ষে উত্তরবঙ্গ বন্যপ্রাণ শাখার প্রধান বনপাল ভাস্কর জে. ভি. বলেন, “যোগ হল প্রকৃতি ও আধ্যাত্মিকতার এক অপূর্ব মিলন। প্রকৃতির কোলে এই যোগচর্চা সত্যিই শান্তিময়, আধ্যাত্মিক ও প্রাকৃতিক অনুভূতির সৃষ্টি করে।”উল্লেখ্য, ২০১৪ সালে জাতিসংঘের স্বীকৃতি পাওয়ার পর থেকে প্রতি বছর ২১ জুন বিশ্বজুড়ে আন্তর্জাতিক যোগ দিবস পালিত হয়ে আসছে। এ বছরও দেশের বিভিন্ন প্রান্তের পাশাপাশি পশ্চিমবঙ্গের নানা এলাকায় দিবসটি উদযাপিত হয়েছে। জলদাপাড়া ও গরুমারায় কুনকি হাতিদের অংশগ্রহণ অনুষ্ঠানে এক বিশেষ মাত্রা যোগ করেছে এবং সুস্বাস্থ্য, পরিবেশ সচেতনতা ও মানুষ-বন্যপ্রাণীর সহাবস্থানের বার্তাকে আরও জোরালো করেছে।

# দীর্ঘক্ষণের চেষ্টায় নদীর জলে পড়া গাড়ি থেকে উদ্ধার চালক খালাসি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** টানা ভারী বৃষ্টিতে আলিপুরদুয়ার জেলায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। একদিকে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় দুইজনের মৃত্যু হয়েছে, অন্যদিকে জেলার বিভিন্ন এলাকায় যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হয়েছে।শনিবার রাত প্রায় ১০টা নাগাদ উত্তরপ্রদেশ থেকে অসমগামী একটি ১৮ চাকার পণ্যবাহী ট্রাক কালচিনির মেন্দাবাড়ি সংলগ্ন ভান্ডানি সেতুর রেলিং ভেঙে ভান্ডানি নদীতে পড়ে যায়। জাতীয় সড়ক ৩১সি-তে ঘটে যাওয়া এই দুর্ঘটনার পিছনে প্রবল বৃষ্টির কারণে দৃশ্যমানতা কমে যাওয়াকে সম্ভাব্য কারণ হিসেবে মনে করা হচ্ছে।দুর্ঘটনার পর ট্রাকের চালক ও খালাসি গাড়ির কেবিনের ভিতরে আটকে পড়েন। পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনীর কর্মীরা উদ্ধারকাজ শুরু করলেও ভুটানে টানা বৃষ্টির জেরে ভান্ডানি নদীর জলস্তর দ্রুত বেড়ে যাওয়ায় উদ্ধার অভিযানে ব্যাপক সমস্যা দেখা দেয়। পরিস্থিতির কারণে উদ্ধারকাজ সাময়িকভাবে বন্ধ রাখতে হলেও রবিবার সকালে পুনরায় অভিযান শুরু হয়।পরে উদ্ধারকারীরা ট্রাকচালক আসিফ হুসেন (৪৬) এবং খালাসি অখিলেশ যাদবের (২০) মৃতদেহ উদ্ধার করেন। দু'জনেই উত্তরপ্রদেশের বিলাসপুর এলাকার বাসিন্দা ছিলেন। নিমতি পুলিশ ফাঁড়ির কর্তারা তাঁদের পরিবারের সদস্যদের ঘটনার খবর দিয়েছেন।অন্যদিকে, শনিবার রাতেই আকস্মিক বন্যার জেরে জলদাপাড়া জাতীয় উদ্যানের হলং নদীর উপর নির্মিত অস্থায়ী কাঠের সেতুটি ভেসে যায়। এর ফলে সহকারী বনপাল (বন্যপ্রাণ) দপ্তরের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। ওই এলাকায় হাতি স্কোয়াড, কুইক রেসপন্স স্কোয়াড (কিউআরএস) এবং জলদাপাড়া উত্তর রেঞ্জ অফিসও অবস্থিত।বনদপ্তরের আধিকারিকরা আশঙ্কা প্রকাশ করেছেন যে, সেতুটি ভেঙে যাওয়ায় বর্ষাকালে জরুরি পরিস্থিতিতে দ্রুত সাড়া দেওয়া কঠিন হয়ে পড়বে। বিশেষ করে জনবসতিতে ঢুকে পড়া বুনো হাতিদের তাড়ানোর কাজে সমস্যা দেখা দিতে পারে।রাজ্যের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ বলেন, “হলং নদীর উপর অস্থায়ী কাঠের সেতুটি ভেসে যাওয়ার খবর আমরা পেয়েছি। যত দ্রুত সম্ভব সেতুটি মেরামতের জন্য প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে।”এদিকে, চর তোর্সা ও দোলং নদীর জল ফুলে উঠায় ফালাকাটা ও আলিপুরদুয়ারের মধ্যে জাতীয় সড়ক ২৭ডি-র ডাইভারশন অংশ প্লাবিত হয়েছে। ফলে যাত্রীদের কোচবিহারের পুন্ডিবাড়ি হয়ে দীর্ঘপথ ঘুরে যাতায়াত করতে হচ্ছে।

# জলদাপাড়ায় ভেঙ্গে গেল কাঠের সেতু



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** জলদাপাড়া হলং নদীর অস্থায়ী কাঠের সেতু ভেঙ্গে গেল। গতকাল রাতে প্রবল বৃষ্টিপাতের ফলে হলং নদীর জলস্তর বৃদ্ধি পায় এর ফলে হলং নদীর অস্থায়ী কাঠের সেতুর উপর দিয়ে জল প্রবাহিত হয় কাঠের সেতু ভেঙ্গে যায়। মাদারিহাট জলদাপাড়া টুরিস্ট লজ যাওয়ার পথে হলং নদীর কাঠের সেতু গতবছর বন্যায় ভেঙ্গে যায় পরবর্তীতে হলং সেতুতে অস্থায়ী কাঠের সেতু তৈর হয় সেই অস্থায়ী সেতু গতকাল রাতে ভেঙ্গে যায়।

# বেহাল রাস্তা নিয়ে ক্ষোভ অবরোধ ভেলুর ডাবরিতে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** মহাসড়কের কাজ চলছে ধীরগতিতে আর এর ফলেই বিপাকে পড়েছেন মহাসড়কের পাশে থাকা বাড়িগুলো। একদিকে জল নিকাশি ব্যবস্থা না থাকায় মহাসড়কের জল গড়িয়ে পড়ছে বাড়ির উপর আর এর ফলে জল জমে রয়েছে বেশ কিছু বাড়িতে। অতিরিক্ত বৃষ্টির দরুন মহাসড়কের মাটি ধুয়ে নেমে যাচ্ছে কৃষি জমি থেকে শুরু করে মহাসড়কের পাশে থাকা বাড়িগুলোতে। রবিবার ছুটির দিনে এলাকার বাসিন্দারা একত্রিত হয়ে পথ অবরোধ করলেন ভেলুর ডাবরি সংলগ্ন এলাকায়। এর ফলে বিপাকে পড়েছেন আলিপুরদুয়ার থেকে বারবিশা শামুকতলা যাতায়াতকারী মানুষেরা। ব্যাপক হয়রানির শিকার হতে হয়েছে পথ চলতি মানুষ কে। ২ ঘন্টারও বেশি সময় ধরে অবরোধ হয় যদিও আলিপুরদুয়ার জেলা পুলিশ এসে আলোচনার ভিত্তিতে অবরোধ তুলে দেন।

# পারোকাটা সংলগ্ন ছিপড়া এলাকায় আটটি বাড়ি ভাঙল বুনো হাতি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল থেকে এক পাল হাতি বের হয়ে আটটি বাড়ি ভেঙ্গে দিল পারোকাটা গ্রাম পঞ্চায়েত সংলগ্ন ছিপড়া এলাকায়। শনিবার গভীর রাতে এমন ঘটনায় এলাকা বাসী ক্ষুব্ধ হয়ে গেছে। রবিবার ক্ষতিগ্রস্ত পরিবার গুলির সঙ্গে দেখা করে বনদপ্তরের আধিকারিকরা। জানা গেছে বেশ কয়েকটি বুনো হাতি এলাকায় তাণ্ডব চালায়। আটটি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। যদিও বনদপ্তরের কর্মকর্তারা জানিয়েছেন ক্ষতিগ্রস্ত পরিবারদের সরকারি আইন মেনে ক্ষতিপূরণ দেওয়া হবে।

# শর্ট সার্কিটে মৃত্যু গৃহবধুর ভাটিবাড়ী এলাকায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন :** বিদ্যুতের শক খেয়ে মৃত্যু হল এক গৃহবধূর। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ ভাটিবাড়ী এলাকায়। জানা গেছে গত চার দিন আগে ওই গৃহ বধূর শ্বশুর মারা যায়। রবিবার বিকেলে ৩৩ বছরের গৃহবধূ বিউটি দাস বাড়িতেই ঘরের টিনের বেড়াতে ধরে দাঁড়িয়ে ছিলেন। যদিও তখন বিদ্যুৎ ছিল না। হঠাৎই বিদ্যুৎ আসার পরেই দেখা গেল তাদের পুরো ঘর টিতে শর্ট সার্কিট হয়ে গেছে। এরপরেই ওই গৃহবধূ শর্ট-সার্কিটে আটকে পড়েন গৃহবধূ বিউটি দাস। তার বাড়ি দক্ষিণ ভাটিবাড়ী এলাকায়। এরপর তাকে ভাটিবাড়ী গ্রামীণ হাসপাতালে নিয়ে আসা হয়েছে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেছে। আগামীকাল সোমবার তার মৃতদেহ ময়নাতদন্ত করা হবে। তার মৃত্যুতে শোকস্তব্ধ এলাকাবাসী। উল্লেখ্য তার একটি ছোট সন্তান রয়েছে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |